# নিজের বিরুদ্ধে দুদকের অভিযোগের প্রমাণ প্রকাশের দাবি আসিফ মাহমুদের



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

নিজের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের (দুদক) উত্থাপিত অভিযোগের প্রমাণ জনসমক্ষে প্রকাশ করার দাবি জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। এ বিষয়ে বুধবার রাতে বিস্তারিত কথা বলবেন বলেও ইঙ্গিত দিয়েছেন তিনি।

বুধবার (২ সেপ্টেম্বর) রাতে নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে এ দাবি জানান আসিফ মাহমুদ।

এর আগে বুধবার বিকেলে দুদকের মুখপাত্র আকতারুর ইসলাম গণমাধ্যমকে জানান, অন্তর্বর্তী সরকারের সময়ে উপদেষ্টা থাকাকালে আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াসহ চারজনের বিরুদ্ধে যুব উন্নয়নের ১৮৮ কর্মকর্তার বদলি ও পদায়নকে কেন্দ্র করে অর্থ লেনদেনের প্রাথমিক প্রমাণ পাওয়া গেছে।

এ বিষয়ে নিজের ফেসবুক পোস্টে আসিফ মাহমুদ লেখেন, ১৮৮ জন উপজেলা পর্যায়ের কর্মকর্তার কাছ থেকে জনপ্রতি ১ লাখ ৪৬ হাজার টাকা করে নিয়ে মোট ২ কোটি ৭৬ লাখ টাকার দুর্নীতি করেছেন একজন উপদেষ্টা, একজন সচিব, একজন যুগ্মসচিব, একজন উপসচিবসহ আরও অনেকে।

তিনি আরও লেখেন, দুদক বলছে অভিযোগের প্রমাণ পাওয়া গেছে। তাহলে সেই প্রমাণ জনগণের জন্য উন্মুক্ত করার আহ্বান জানান তিনি।

তবে বুধবার রাতে এ বিষয়ে আসিফ মাহমুদ গণমাধ্যমের সামনে কথা বলবেন, নাকি সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের বক্তব্য তুলে ধরবেন, সে বিষয়ে তিনি স্পষ্ট করে কিছু জানাননি।